

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির ডিসেম্বর' ২০২১ খ্রিস্টাব্দের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব উম্মে কুলসুম বানু,
ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিরামপুর, দিনাজপুর।
তারিখ : ১৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ; ০৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ।
সময় : ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিতি সদস্যবৃন্দ ও স্বাক্ষর			
ক্রমিক নং	নাম	কমিটিতে পদবি	স্বাক্ষর
০১.	জনাব উম্মে কুলসুম বানু, ভাইস চেয়ারম্যান (মহিলা), বিরামপুর, দিনাজপুর।	সভাপতি	স্বাক্ষরিত/-
০২.	জনাব মো. সাইফুল ইসলাম, চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত/-
০৩.	জনাব মো. নাজির উদ্দিন, চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত/-
০৪.	জনাব মো. হাফিজুর রহমান, চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত/-
০৫.	জনাব মো. কাওসার হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিব উপজেলা মৎস্য কর্মকর্তাকে আলোচ্য বিষয় উপস্থাপনের আহ্বান জানান। উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য দপ্তরটি মানুষের দৈনন্দিন আশ্রয়ের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মৎস্য দপ্তরের সেবার মান উন্নতকরণে এবং জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা জরুরী।

উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর


আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত :

আলোচ্য বিষয় : মৎস্যজীবীদের মৎস্য উপকরণ বিতরণ।

আলোচনা : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলায় প্রায় ৬০০ জন মৎস্যজীবী রয়েছে, যাদের অধিকাংশই দরিদ্র। বিগত ০৩ বছর ধরে তাদেরকে কোন ধরনের সহযোগিতা উপজেলা মৎস্য দপ্তর থেকে প্রদান করা সম্ভব হয়নি। তাই তাদের ভাগ্যোন্নয়নে প্রাকৃতিক জলাশয় থেকে মাছ ধরার জন্য জাল অথবা, মাছ পরিবহন করার পাত্র উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন বাজেট থেকে প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে মৎস্যজীবীদের ভাগ্যোন্নয়নে উপজেলা পরিষদেও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের আওতাভুক্ত তহবিল হতে প্রকল্প গ্রহণ করার প্রস্তাব সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছা: উম্মে কুলসুম বানু)

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

বিরামপুর, দিনাজপুর।